তারিখ ...27 MAY 1997... ...
পৃষ্ঠা ...১৫... কলাম ...৪......

দৈনিক ইত্তেফাক

67

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# পাল্টা শিক্ষক সমিতির সাংবাদিক সম্মেলন

রাজশাহী অফিস ।। গতকাল (সোমবার) সন্ধ্যায় রাজশাহী সিটি প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নবগঠিত পাল্টা শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বলিয়াছেন, রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গঠনতন্ত্রকে সম্পূর্ণ অবজ্ঞা করিয়া সমিতি সদস্যদের স্বার্থ বিরোধী তৎপরতায় লিপ্ত থাকায় তাহারা পাল্টা শিক্ষক সমিতি গঠনে বাধ্য হইয়াছে। তাহাদের

( ১৫শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ )

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের

(শেষ পৃঃ পর)

সমিতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কল্যাণ সাধন, বিশ্ববিদ্যালয়ের পবিত্রতা ও মর্যাদা সংরক্ষণ এবং ক্যাম্পাসের সমাজ জীবনে পারস্পরিক সম্প্রীতি ও সমঝোতা বিধানে কাজ করিয়া যাইবে।

এক প্রশ্নের উত্তরে পাল্টা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর কোরবান আলী জানান, ভারপ্রাপ্ত ভিসি তাহার "কাপুরুষতা" ও 'শিক্ষক সমিতি ভীতি' পরিহার করিতে পারিলে বিশ্ববিদ্যালয়ে শান্তি-শৃঙ্খলা ও সুষ্ঠু পরিবেশ ফিরিয়া আসিবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বিভাগভিত্তিক অনার্স ক্লাশে ভর্তি পরীক্ষা চালুর বিরোধিতা করিয়া তিনি বলেন, ইহাতে দুর্নীতির জন্ম হইবে। সমিতির সভাপতি প্রফেসর মোখলেছুর রহমান বলেন, বর্তমানে ভারপ্রাপ্ত ভিসি সম্পূর্ণ বিনা কারণে ও নীতি বহির্ভূতভাবে ১২ জন শিক্ষককে তাঁহাদের বৈধ প্রশাসনিক পদ হতে অব্যাহতি প্রদান করিয়াছেন। ইহাতে সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ বিশ্ববিদ্যালয় প্রশাসনের অবিবেচনাপ্রসূত ও প্রতিহিংসামূলক নির্যাতনের শিকার হইয়াছেন। অপর এক প্রশ্নের উত্তরে পাল্টা শিক্ষক সমিতির নেতৃবৃন্দ জানান, বর্তমানে ১০৬ জন শিক্ষক মূল শিক্ষক সমিতি হইতে পদত্যাগ করিয়া পাল্টা শিক্ষক সমিতিতে যোগদান করিয়াছেন। আরও ৭ জন শিক্ষক পদত্যাগ করিয়াছেন। বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় অনেক শিক্ষক কর্মস্থলে নাই। তাহারা দাবী করেন যে, বিশ্ববিদ্যালয় খোলা হইলে মূল শিক্ষক সমিতি হইতে পদত্যাগীদের সংখ্যা আরও বৃদ্ধি পাইবে।

এদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে, গতকাল সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের 'কয়েকজন' শিক্ষক শিক্ষক সমিতির নামে ভিসির সহিত সাক্ষাৎ করিতে চাহিলে তিনি এই ধরনের কোন শিক্ষক সমিতিকে স্বীকৃতি দিতে অস্বীকৃতি জানান।